

নম্বরঃ ২৬.০৪.০০০০.১১১.১৭.২২৪.১৯-২৮৫

তারিখঃ ২৩ সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি: বিভিন্ন অপরাধে ৯৬টি প্রতিষ্ঠানকে ৫.১০ লক্ষ টাকা জরিমানা

২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বীকৃত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, শেরপুর, গাজীপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, চাঁদপুর মাদারীপুর, বান্দরবান, ফেনী, খুলনা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, নড়াইল, রাজশাহী, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, বরগুনা, বরিশাল, ভোলা, সিলেট, পঞ্চগড়, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, এবং কুড়িগ্রাম এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: মাসুম আরেফিন, জনাব ফানমিনা আক্তার ও জনাব মাগফুর রহমান কর্তৃক শাহজাহানপুর, খানমন্ডি এলাকায় বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'জননী জেনারেল স্টোর, মা জেনারেল স্টোর, জায়েদ পোলট্রি, হুমায়ন ব্রয়লার হাউজ, মা-বাবার দোয়া ব্রয়লার হাউজ, চাঁদপুর ড্রেডার্স, সিরাজ ফুট স্টোর, হাফিস কর্পোরেট' কে যথাক্রমে ৩০০০+২০০০+৫০০+১০০০+১০০০+১০০০+৫০০+৫০০+৫০০=১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করার অপরাধে 'প্রিয় জেনারেল স্টোর, প্রাইম কালেকশন, স্টার ওয়ার্ল্ড, আলমাস জেনারেল স্টোর,' কে যথাক্রমে ৩০০০+৩০০০+৩০০০+৩০০০=১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বিভিন্ন অপরাধে সর্বমোট ১,৩৪,৫০০/- (এক লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৩২টি বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ ও জনের কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৮৮টি প্রতিষ্ঠানকে ৩,৫৪,০০০/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের নকল উৎপাদন ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আইনানুযায়ী ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে তৎক্ষণাত ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

গত ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সর্বমোট ৩৫টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও ৫টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৯৬টি প্রতিষ্ঠানকে মোট ৫,১০,৫০০/- (পাঁচ লক্ষ দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্পফ্লেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

সহকারী পরিচালক (কার্য ক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্য কার্ণনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন নতীর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্ম কর্তৃ পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্ম কর্তৃ বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।